যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# গুজরাটে সংখ্যালঘু ছাত্রদের এসএসসি ও এইচএসসি পরীক্ষা বর্জন

ভারতে দাঙ্গাকবলিত রাজ্য গুজরাটের কিছু অংশে কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে গতকাল বৃহস্পতিবার শুরু হওয়া মাধ্যমিক (এসএসসি) ও উচ্চ মাধ্যমিক (এইচএসসি). পরীক্ষা সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের অন্তত ৯০ শতাংশ ছাত্রছাত্রী বর্জন করেছে। গুজরাট রিলিফ কমিটির সদস্য বদরুদ্দিন শেখ দাবি করেছেন. সংখ্যালঘু ১৪ হাজার ছাত্রছাত্রীর মধ্যে ৯০ শতাংশ পরীক্ষায় অংশ নিচ্ছে না। ইন্টারনেট।

রাজ্যে ক্রমাগত সাম্প্রদায়িক সহিংসতার পরিপ্রেক্ষিতে পরীক্ষাকেন্দ্রসমূহ নিরাপদ স্থানে সরিয়ে নেয়ার দাবি সরকার প্রত্যাখ্যান করায় পরীক্ষা বর্জনের এ সিদ্ধান্ত নেয়া হয়।

সরকারি সূত্র জানায়. কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে আহমেদাবাদ ও বরোদাসহ রাজ্যের ৯টি শহরে পরীক্ষা শুরু হয়েছে। ২০৫টি কেন্দ্রে এসএসসি ও এইচএসসির ১ লাখ ৯৫ হাজার ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। পরীক্ষা কেন্দ্রগুলোয় সরকার ভিডিও ক্যামেরা স্থাপন করেছে এবং সংখ্যালঘু ছাত্রছাত্রীদের কেন্দ্রে নিয়ে আসার জন্য বিশেষ বাসের ব্যবস্থা করেছে।

এর আগে মঙ্গলবার রাতে 'আহমেদাবাদের দুর্গত নাগরিক' এর ব্যানারে এক বৈঠকে সিদ্ধান্ত হয় যে. সংখ্যালঘু সম্প্রদায় দশম শ্রেণী এবং দ্বাদশ শ্রেণীর পরীক্ষায় অংশ নেবে না। নিরাপত্তাহীনতা. হুমকি ও সহিংসতার বিষয়টি বিবেচনা করেই বৈঠকে সর্বসম্মতিক্রমে ওই সিদ্ধান্ত নেয়া হয়।

মুখ্যমন্ত্রী নরেন্দ্র মোদি কোন রকম দুঃশ্চিন্তা না করে ছাত্রছাত্রীদের পরীক্ষায় অংশ নেয়ার আহ্বান জানিয়ে বলেন. যদি কেউ পরীক্ষায় বিঘ্ন ঘটাতে চেষ্টা করে তবে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

আফগা